## Eliot, Thomas Stearns : 1888–1965
## এলিয়ট, টমাস স্টার্নস

টি.এস. এলিয়ট বিংশ শতকের ইংরেজি কবি, সমালোচক এবং নাট্যকার। জন্ম ঃ সেন্ট লুইস, মিসৌরীতে। ইংলন্ডে বসবাস পরে শুরু। তার প্রথম গুরুত্বপূর্ণ দীর্ঘকবিতা 1915-তে *The Poetry* পত্রিকায় প্রকাশিত হয় ঃ ➢ *The Love Songs of J. Alfred Prufrock*। 1917-তে প্রকাশিত হয় তার প্রথম কবিতার বই ঃ ➢ *Pruforck and Other Observations*।

1917 থেকে 1919 পর্যন্ত *The Egoist* পত্রিকার সহকারী-সম্পাদক ছিলেন এলিয়ট। তার সবচেয়ে বিখ্যাত কবিতা ➢ *The Waste Land* রচিত হয় 1922-য়ে। একই বছরে তিনি বিংশ শতাব্দীর সর্বাধিক প্রতিপত্তিশালী সাহিত্যসমালোচনা পত্রিকাগুলির অন্যতম *Criterion* প্রতিষ্ঠা করেন।

আধুনিকতায় অকৃত্রিম-ভাবে রচয়িতার আত্মার বাণীপ্রকাশ হয়ে ওঠে না সাহিত্য ; আধুনিক সাহিত্য অপরের কাছ থেকে অকপটে নিয়ে নেয়, আন্তর্জাতিক সাংস্কৃতিক ও কৃষ্টিগত ঐতিহ্যের বিচিত্র অনুন্নত ভাঁড়ারের উপাদান-উদ্ধৃতির বিমিশ্রণীমূলক সংস্কার-সাধনের মধ্য থেকে নিজের মত করে তা গড়ে ওঠে এবং এর খণ্ডিত অংশগুলো অবক্ষয়ের বিরুদ্ধে মাথা চাড়া দেয় (দি ওয়েস্টল্যান্ডের ➢ *What the Thunder Said*)। এটাই আধুনিক সাহিত্যের সার্বভৌমিকতাবাদ। The Waste Land নাম ও সূত্রোল্লেখহীন অবস্থায় বিভিন্ন প্রাচ্য ও প্রতীচ্য সাংস্কৃতিক ইতিহাসগত প্রসংগের ঝলমলে ও আড়ম্বরপূর্ণ প্রদর্শন হয়ে প্রকৃতপক্ষে অধোগামী অবক্ষয়িত সংস্কৃতি-কৃষ্টির জন্যে বাদানুবাদাত্মক-পরিদেবনায় পরিণত হয়েছে।

ভৌগোলিকভাবে আধুনিকতা একটি মাত্র সাংস্কৃতিক সাম্রাজ্যিক রাজধানীতে কেন্দ্রিত ছিল না, বরং লন্ডন থেকে প্যারিস হয়ে ভিয়েনা, একের পর এক বার্লিন থেকে নিউইয়র্ক হয়ে ডাবলিনে যেমন স্বচ্ছন্দে ছড়িয়ে পড়েছিল, তেমনি আবার ফিরেও এসেছিল বিভিন্ন প্রসংগ-অভিজ্ঞতা-ভাবনাপুষ্ট হয়ে। কখনোই এক-কেন্দ্রে সুস্থিত থাকা এর পক্ষে সম্ভব ছিল না; এই 'কালচারাল আনসার্টেনিটি' অবক্ষয়ের লক্ষণ বিশেষ।

এলিয়টের ➢ *The Waste Land*-এ অন্তত এই অবক্ষয়ের চিহ্ন সুস্পষ্ট ঃ *What is the city over the mountains / Cracks and reforms and bursts in the violet air / Falling towers / Jerusalem Athens Alexandria / Vienna London / Unreal.*

এলিয়টের কাছে সাংস্কৃতিক-সমস্যা ও জটিলতা এবং খ্রিস্টান সমাজে (ক্রিস্টান) এর ভূমিকার মধ্যেই কবিতার সমস্যা ঘনীভূত। ➢ *The Use of Poetry* (1933)-তে তিনি দৃঢ়তার সংগেই বলেছেন ঃ *Poetry must be able to account for the sordid and horrific.*

আর আধুনিক কবি সম্পর্কে তিনি জানিয়েছেন ঃ .... *the essential advantage for a poet is not to have a beautiful world with which to deal : it is to be able to see beneath both beauty and ugliness : to see boredom, and the horror, and the glory.* এলিয়টের পোড়ো জমি *(The Waste land)* — সুন্দর ও কুৎসিতের গৌরবান্বিত দ্বৈধতার পুঙ্খানুপুঙ্খ পরীক্ষক।

Scanned by CamScanner

1927-য়ে এলিয়ট লাভ করেন ব্রিটিশ নাগরিকত্ব। এবং এই বছরেই ইংলন্ডের চার্চের একজন সদস্য হয়ে খ্রিষ্টধর্ম সম্পর্কে তার মতামত ব্যক্ত করতে থাকেন। তার অন্যান্য কাব্যগুলির মধ্যে উল্লেখযোগ্য ঃ

➤ *Ash Wednesday* : 1930

➤ *Four Quartets* : 1935-42।

তার সমগ্র কবিতার সংকলন আকারে খুব বেশি বড় না হলেও বিংশ শতাব্দীর সবচেয়ে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ কবিতা-সংগ্রহ রূপে সর্বজনস্বীকৃত।

এলিয়টের কাব্যে প্রভাবাধিক্য ঃ

(১) উনিশ শতকের ফরাসি সিম্বলিস্ট কবিদের ঃ বোদলেয়ার, মালার্মে, লাফার্জের।
(২) সতেরো শতকের প্রথম দিকের নাট্যকারদের ঃ মিডিলটন, ওয়েবস্টার, টার্নার এবং পরে শেকসপিয়রের।
(৩) তাদের সমসাময়িক মেটাফিজিক্যাল কবিদের।
(৪) জন ডান, জেরিমি টেলর, বিশপ এন্ড্রুজের মতো ধর্মোপদেশ-লেখকেরা এলিয়টের শৈলি ও চিন্তন—উভয়কেই প্রভাবিত করেছিলেন।
(৫) একই ভাবে মধ্যযুগের মহান ইটালিয় কবি দান্তের দ্বারাও এলিয়ট প্রভাবিত হয়েছিলেন।

সমসাময়িক কবিদের মধ্যে এলিয়টের প্রথম দিকের কাব্যিক-প্রতিভা স্ফুরণে বিশিষ্ট অবদান রয়েছে ইমেজিস্ট-আন্দোলনের প্রবক্তা এবং সহযোগী আমেরিকান কবি এজরা পাউণ্ডের।

শেষপর্যন্ত ব্রাডলির আদর্শবাদী দর্শন এলিয়ট-মানসে এক গঠনমূলক প্রভাব ফেলেছিল। হার্ভার্ডে এবং অক্সফোর্ডে ছাত্রাবস্থায় ব্রাডলি-সম্পর্কে বিশেষভাবে পড়াশোনা করেছিলেন এলিয়ট। তার প্রথম দিকের অ্যাকাডেমিক গবেষণাপত্রটি ব্রাডলিকে নিয়েই। সেটি প্রকাশিত হয় 1936-য়ে।

সমালোচক হিসেবে এলিয়টের গুরুত্ব কবি এলিয়টের গুরুত্বের সংগে সম্পর্কিত। কারণ তার প্রকৃত ক্ষমতাসম্পন্ন সমালোচনা যেমন অতীতের পুনর্বিচার, তেমনি একইভাবে তার কবিতাও একই পথচারী। এইভাবে ➤ *The Sacred Wood* (1920) রচিত হয়েছে তার প্রথম দুটি কাব্যের মধ্যবর্তী পর্বে। তার প্রথম দিকের প্রবন্ধগুলির মধ্যে যে-গুলি সর্বাধিক গুরুত্বপূর্ণ, সে-গুলি পুনর্প্রকাশিত হয়েছে ➤ *Selected Essays* (1932) -য়ের মধ্যে।

সমাজ ও সভ্যতা নিয়ে এলিয়টের সমালোচনা গ্রন্থ ঃ

➤ *After Strange Gods* : 1933

➤ *Notes Towards a Definition of Culture* : 1948

এই সব সমালোচনা কিন্তু খুব বেশি ফলপ্রসূ হয় নি। এই সব সমালোচনা তার সেরা সাহিত্য-সমালোচনার চেয়ে অনেক বেশি একদেশদর্শী।

Scanned by CamScanner

কাব্যনাটক নিয়েও পরীক্ষা-নিরীক্ষায় ব্রতী হয়েছিলেন এলিয়ট। এক্ষেত্রে বাণিজ্যিকভাবে এবং নান্দনিক-দিক দিয়ে তিনি চূড়ান্ত সফল ; এর অপ্রতিদ্বন্দ্বী দুটি নিদর্শন ঃ

➢ *Murder in the Cathedral* : 1935

➢ *Cocktail Party* : 1950

1939-এ শিশুদের জন্য যে সংকলন তিনি করেছিলেন, সেই ➢ *Old Possum's Book of Practical Cats* উনিশ-শো-একাশিতে সংবূপগত বূপান্তরে *Andrew Lloyd Webber*-য়ের হাতে অত্যন্ত সফল ➢ *Musical Cats* বূপে বিশ্বের অগণিত শ্রোতার কাছে পৌঁছেছিল।

এলিয়টের নাটকীয়তাহীন কবিতা এবং তার প্রথম দিকের সমালোচনা বিংশ শতাব্দীর ইংলন্ড এবং আমেরিকার সাহিত্যবুচি ও অনুরাগের পুনর্বিন্যাস ও পুনর্নবায়নের সূচনা করেছিল। একা না হলেও, উজ্জ্বলতম কবি-ব্যক্তিত্ববূপে মেটাফিজিক্যাল কবিদের প্রতি ইংরেজি সাহিত্যধারার শ্রদ্ধাবোধকে তিনি পুনরুজ্জীবিত করেছিলেন এবং স্পেনসারিয় ও মিলটনিয় প্রকৃতির প্রাসংগিক মর্যাদা হ্রাস করেছিলেন। আধুনিক চেতনার মাধ্যম হিসেবে তার কবিতা কাব্যিক-অভিব্যক্তির সীমানা ও আকারের পরিবৃদ্ধি সাধন করেছিল।

Scanned by CamScanner